সমকাল

তারিখ 14 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

# ডিগ্রি প্রথম বর্ষের পরীক্ষা শুরু

■ সমকাল প্রতিবেদক

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স প্রথম বর্ষের পরীক্ষা গতকাল শনিবার সারাদেশে একযোগে শুরু হয়েছে। ৬৮৪টি কেন্দ্রে দুপুর ১টা ৩০ মিনিট থেকে বিকেল ৫টা পর্যন্ত এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রতিদিন একই সময় এ পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত চলবে। এবার এক হাজার ৭৮২টি কলেজের দুই লাখ ৯৯ হাজার ৩৪ জন পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিবন্ধন করেছেন। পরীক্ষা-সংক্রান্ত প্রয়োজনে সংশ্লিষ্টদের ৯২৯১০১৭ ও ৯২৯১০৩৮ নম্বরে যোগাযোগ করার পরামর্শ দেওয়া হয়েছে।

এদিকে, এই পরীক্ষায় নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের জন্য বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) পরীক্ষার দায়িত্ব পালনকারী শিক্ষক ও শিক্ষাকর্মীদের প্রতি আহ্বান জানিয়েছে।